কালের কণ্ঠ

তারিখ ... 27 FEB 2017
পৃষ্ঠা ২·৪ ... কলাম ২ ...

# খাগড়াছড়ির ৪৬ প্রাইমারী স্কুল জাতীয়করণ করার দাবি

**পার্বত্যাঞ্চল প্রতিনিধি, খাগড়াছড়ি ॥** খাগড়াছড়ি পার্বত্য জেলায় এস এম সি পরিচালিত জাতীয়করণ থেকে বাদপড়া ৪৬টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ ও তৃতীয় দাপে অন্তর্ভুক্তির দাবিতে সংবাদ সম্মেলন করা হয়েছে।

রবিবার খাগড়াছড়ি প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলন থেকে এ ব্যাপারে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়, তিন পার্বত্য জেলায় ইউএনডিপি-সিএইচটিডিএফ পরিচালিত ২১০টি স্কুল সম্প্রতি সরকারী করা হলেও খাগড়াছড়ি জেলার ৪৬টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় বাদ পড়েছে। তারা দাবি করেন ২০১৩ সালে যাচাই-বাছাই কমিটি স্কুলগুলোকে জাতীয়করণে সুপারিশ করলেও তা বাস্তবায়ন না করায় বেতন ভাতাসহ সরকারী সুযোগ-সুবিধা না পেয়ে স্কুলগুলোর ১৮৪ শিক্ষক পরিবার পরিজন নিয়ে অমানবিকভাবে জীবনযাপন করছে। ফলে জেলার ১৫০টি জনবহুল গ্রামের প্রায় ৫ হাজার ছাত্রছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন হিল পাওয়ার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলা উদ্দিন। এ সময় দক্ষিণ ভুয়াছড়ি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুন্নবী, উত্তর গঞ্জপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, মানিকছড়ির তবলাপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আথোয়াই মগ, দীঘিনালা মনতলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক অনন্ত চাকমা প্রমুখ উপস্থিত ছিলেন।